

📖 সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৬৩০ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৬৩১]

পর্ব-২০: তাহাজ্জুদ এবং দিনের নফল সালাত (كتاب قيام الليل وتطوع النهار)

পরিচ্ছেদঃ ১৪: আল্লাহর নবী দাউদ আলায়হিস সালাম-এর রাতের সালাতের বর্ণনা

باب ذِكْرِ صَلَاةِ نَبِيِّ اللَّهِ دَاوُدَ عَلَيْهِ السَّلَامُ بِاللَّيْلِ

আরবী

أَخْبَرَنَا قُتَيْبَةُ، قَالَ: حَدَّثَنَا سُفْيَانُ، عَنْ عَمْرِو بْنِ دِينَارٍ، عَنْ عَمْرِو بْنِ أَوْسٍ، أَنَّهُ سَمِعَ عَبْدَ اللَّهِ بْنَ عَمْرِو بْنِ الْعَاصِ، يَقُولُ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: أَحَبُّ الصِّيَامِ إِلَى اللَّهِ عَزَّ وَجَلَّ صِيَامُ دَاوُدَ عَلَيْهِ السَّلَامُ كَانَ يَصُومُ يَوْمًا وَيُفْطِرُ يَوْمًا، وَأَحَبُّ الصَّلَاةِ إِلَى اللَّهِ صَلَاةُ دَاوُدَ كَانَ يَنَامُ نِصْفَ اللَّيْلِ وَيَقُومُ ثُلُثَهُ وَيَنَامُ سُدُسَهُ .

تخريج دارالدعوة: صحيح البخارى/التهجد ٧ (١١٣١)، أحاديث الأنبياء ٣٨ (٣٤٢٠)،
صحيح مسلم/الصيام ٣٥ (١١٥٩)، سنن ابى داود/الصيام ٦٧ (٢٤٤٨)، سنن ابن
ماجه/الصيام ٣١ (١٧١٢)، (تحفة الأشراف: ٨٨٩٧)، مسند احمد ٢/١٦٠، ١٦٤،
٢٠٦، ويأتى عند المؤلف فى الصوم ١٩ (برقم: ٢٣٤٦) (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1631 - صحيح

বাংলা

১৬৩০. কুতায়বহ্ (রহ.) ‘আমর ইবনু আওস (রাঃ) হতে বর্ণিত। তিনি আবদুল্লাহ ইবনু ‘আমর ইবনুল আস (রাঃ)-কে বলতে শুনেছেন যে, রসূলুল্লাহ (সা.) বলেছেন: আল্লাহ তা‘আলার নিকট সর্বোত্তম সিয়াম হলো দাউদ আলায়হিস সালাম-এর সিয়াম। তিনি সিয়াম পালন করতেন একদিন এবং তা ভঙ্গ করতেন একদিন। আর আল্লাহ তা‘আলার নিকট সর্বোত্তম সালাত হলো দাউদ আলায়হিস সালাম-এর সালাত; তিনি অর্ধেক রাত পর্যন্ত ঘুমাতে, রাতের এক-তৃতীয়াংশ সময় সালাত আদায় করতেন। আবারো রাতের এক-ষষ্ঠমাংশ সময় নিদ্রা যেতেন।

English

Mentioning the prayer of Prophet Dawud (peace be upon him) at night

It was narrated from 'Amr bin Aws that he heard Abdullah bin Amr bin Al-'As say: The Messenger of Allah (ﷺ) said: 'The most beloved of fasting to Allah is the fasting of Dawud, peace be upon him. He used to fast one day and not the next. And the most beloved of prayer to Allah (SWT) is the prayer of Dawud. He used to sleep half the night, spend one-third of the night in prayer and sleep for one-sixth of it.'

ফুটনোট

সহীহঃ বুখারী ১১৩১, মুসলিম ১১৫৯, ইবনু মাজাহ ১৭১২, ইওয়াউল গালীল ৯৪৫।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আমর ইবনু আওস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=90126>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন